

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৯৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো যেসব কাজের মন্দ পরিণাম আশংকা করা হয়, সেসব কাজ থেকে পরিবারকে বিরত রাখার ব্যাপারে যত্নশীল হওয়া

ذَكَرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ رِعَايَةُ عِيَالِهِ بِذَبِّهِمْ عَنِ الْأَشْيَاءِ الَّتِي يُخَافُ عَلَيْهِمْ مُتَعَقِبُهَا

আরবী

695 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنُ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُعَلَّى الْأَدَمِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمَّادٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنِ الْعَلَاءِ بْنِ الْمُسَيَّبِ عَنْ إِبْرَاهِيمَ بْنِ قُعَيْسٍ عَنْ نَافِعٍ: عَنْ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا خَرَجَ فِي غَزَاةٍ كَانَ آخِرُ عَهْدِهِ بِفَاطِمَةَ وَإِذَا قَدِمَ مِنْ غَزَاةٍ كَانَ أَوَّلُ عَهْدِهِ بِفَاطِمَةَ رِضْوَانُ اللَّهِ عَلَيْهَا فَإِنَّهُ خَرَجَ لِيُغْزِيَ تَبُوكَ وَمَعَهُ عَلِيٌّ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ فَقَامَتْ فَاطِمَةُ فَبَسَطَتْ فِي بَيْتِهَا بَسَاطًا وَعَلَقَتْ فِي بَابِهَا سِتْرًا وَصَبَّغَتْ مِقْنَعَتَهَا بِزَعْفَرَانٍ فَلَمَّا قَدِمَ أَبُوهَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَأَى مَا أُحْدِثَتْ رَجَعَ فَجَلَسَ فِي الْمَسْجِدِ فَأَرْسَلَتْ إِلَى بِلَالٍ فَقَالَتْ: يَا بِلَالُ اذْهَبْ إِلَى أَبِي فَسَلِّهُ مَا يَرُدُّهُ عَنْ بَابِي؟ فَأَتَاهُ فَسَأَلَهُ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِّي رَأَيْتُهَا أُحْدِثَتْ ثُمَّ شَيْئًا) فَأَخْبَرَهَا فَهَتَكَتِ السِّتْرَ وَرَفَعَتْ الْبَسَاطَ وَأَلْقَتْ مَا عَلَيْهَا وَلَبِسَتْ أَطْمَارَهَا فَأَتَاهُ بِلَالٌ فَأَخْبَرَهُ فَأَتَاهَا فَاعْتَنَقَهَا وَقَالَ:

(هَكَذَا كُونِي فِدَاكَ أَبِي وَأُمِّي)

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 695 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৬৯৫. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু তা'আলা আনহুমা থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কোন যুদ্ধের জন্য বের হতেন, সবশেষে তিনি ফাতিমা রাদিয়াল্লাহু তা'আলা আনহার সাথে দেখা করতেন। আর

যখন কোন যুদ্ধ থেকে ফিরে আসতেন, সর্বপ্রথম তিনি ফাতিমা রাদিয়াল্লাহু তা'আলা আনহা সাথে দেখা করতেন। তিনি তাবুক যুদ্ধের জন্য বের হন, তাঁর সাথে আলী রাদিয়াল্লাহু তা'আলা আনহুও ছিলেন। অতঃপর ফাতিমা রাদিয়াল্লাহু তা'আলা আনহা উঠে দাঁড়ান এবং বাড়িতে একটি মাদুর বিছান, বাড়ির দরজায় একটি পর্দা ঝুলান এবং তাঁর অবগুষ্ঠনে জাফরান রঙ্গে রঞ্জিত করেন।

অতঃপর তাঁর বাবা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাড়িতে আসেন, তখন তিনি এসব জিনিস দেখতে পান এবং (বাড়িতে প্রবেশ না করে) ফিরে যান। অতঃপর মসজিদে গিয়ে বসেন। তখন ফাতিমা রাদিয়াল্লাহু তা'আলা আনহা বিলাল রাদিয়াল্লাহু তা'আলা আনহুকে ডেকে পাঠান এবং তাঁকে বলেন, “হে বিলাল রাদিয়াল্লাহু তা'আলা আনহু, আপনি আমার বাবার কাছে যান এবং তাঁকে জিজ্ঞেস করবেন, কেন তিনি আমার দরজা থেকে ফিরে এসেছেন।” অতঃপর তিনি তাঁর কাছে যান এবং তাঁকে এই ব্যাপারে জিজ্ঞেস করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন, “আমি তাঁকে বাড়িতে নতুন কিছু করতে দেখেছি।” অতঃপর বিলাল রাদিয়াল্লাহু তা'আলা আনহু এসে ফাতিমা রাদিয়াল্লাহু তা'আলা আনহাকে ব্যাপারটি জানান। অতঃপর ফাতিমা রাদিয়াল্লাহু তা'আলা আনহা পর্দাটি ছিড়ে ফেলেন, মাদুরটি উঠিয়ে নেন এবং তাঁর পরিধানের কাপড় রেখে জীর্ণ পোশাক পরিধান করেন। তারপর বিলাল রাদিয়াল্লাহু তা'আলা আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এই ব্যাপারে সংবাদ দিলে তিনি ফাতিমা রাদিয়াল্লাহু তা'আলা আনহা কাছে আসেন, তাঁর সাথে আলিঙ্গন করেন এবং বলেন, “তুমি এমনি থাকবে। তোমার জন্য আমার বাবা-মা উৎসর্গ হোক।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২১; আবু দাউদ: ৪১৪৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আয যঈফা: ৬২৬৯।) তবে কিছুটা ভিন্ন প্রেক্ষাপটে বর্ণিত ঘটনাটি বিশুদ্ধ। (আত তা'লীকাতুল হিসান: ৬৩১৯।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89197>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন